



सत्यमेव जयते

Kolkata Gazette

কলকাতা গেজেট

EXTRAORDINARY

বিশেষ

PART III

ভাগ ৩

Published by Authority

প্রাধিকারবলে প্রকাশিত

No. 6

KOLKATA, WEDNESDAY, JUNE 5, 2024

[JYAISTHA 15, 1946 (SAKA)]

নং ৬

কলকাতা, বুধবার, ৫ জুন, ২০২৪

[১৫ই জ্যৈষ্ঠ, ১৯৪৬ (শক)]

বিধি বিভাগ

কলকাতা, ৫ই জুন, ২০২৪/১৫ই জ্যৈষ্ঠ, ১৯৪৬ (শক)

দি ওয়েস্ট বেঙ্গল ডিস্টার্বড এরিয়াস অ্যাক্ট, ১৯৪৭-এর বঙ্গানুবাদ এতদ্বারা রাজ্যপালের প্রাধিকারধীনে প্রকাশিত হইতেছে।

প্রদীপ কুমার পাঁজা

প্রধান সচিব

বিধি বিভাগ

পশ্চিমবঙ্গ সরকার।

LAW DEPARTMENT

Kolkata, 5th June, 2024/Jyaistha 15, 1946 (Saka)

The translation in Bengali of The West Bengal Disturbed Areas Act, 1947 is hereby published under the authority of the Governor of West Bengal.

Pradip Kumar Panja

Principal Secretary

Law Department

Government of West Bengal

পশ্চিমবঙ্গ উপদ্রুত অঞ্চল আইন, ১৯৪৭

'(১৯৪৭-এর পশ্চিমবঙ্গ ৬ আইন)

অভিযোজিত

বিধিসমূহের অভিযোজন আদেশ, ১৯৫০

[১লা জানুয়ারি, ১৯৪৮]

পশ্চিমবঙ্গে উপদ্রুত অঞ্চলসমূহে বিশৃঙ্খলা দমনের জন্য এবং জনশৃঙ্খলা ফিরাইয়া আনিবার ও উহা রক্ষার জন্য উন্নততর বিধান করণার্থ আইন।

যেহেতু পশ্চিমবঙ্গে উপদ্রুত অঞ্চলসমূহে বিশৃঙ্খলা দমনের জন্য এবং জনশৃঙ্খলা ফিরাইয়া আনিবার ও উহা রক্ষার জন্য উন্নততর বিধান করা সঙ্গত;

অতএব ইহা এতদ্বারা নিম্নরূপে বিধিবদ্ধ হইল :—

সংক্ষিপ্ত নাম ও
প্রসার।

১। (১) এই আইন উপদ্রুত অঞ্চল আইন, ১৯৪৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা সমগ্র পশ্চিমবঙ্গে প্রসারিত হইবে।

সংজ্ঞার্থ।

২। এই আইনে “উপদ্রুত অঞ্চল” বলিতে সেই অঞ্চলকে বুঝায় যাহা তৎসময়ে ৩ ধারা অনুযায়ী প্রজ্ঞাপন দ্বারা উপদ্রুত অঞ্চল বলিয়া ঘোষিত হয়।

কোনও অঞ্চলকে
উপদ্রুত অঞ্চল
বলিয়া ঘোষণা
করিবার ক্ষমতা।

৩। [রাজ্য] সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সমগ্র পশ্চিমবঙ্গকে অথবা প্রজ্ঞাপনে যেরূপ বিনির্দিষ্ট হইবে, পশ্চিমবঙ্গের সেরূপ কোন অংশকে উপদ্রুত অঞ্চল বলিয়া ঘোষণা করিতে পারিবেন।

কতিপয় আদেশ
উল্লঙ্ঘনকারী ব্যক্তির
উপর গুলিচালনার
ক্ষমতা।

৪। যেকোন ম্যাজিস্ট্রেট অথবা সহকারী উপ-পরিদর্শক পদমর্যাদার নিম্নে নহেন এরূপ যেকোন আরক্ষা আধিকারিক, যদি তাঁহার অভিমতে জনশৃঙ্খলা রক্ষার জন্য গুলিচালনা বা অন্যথা বলবত্তার ব্যবহার করা প্রয়োজন হয়, তাহা হইলে তিনি যেরূপ প্রয়োজন বিবেচনা করিবেন সেরূপ সতর্কীকরণ করিবার পর পাঁচজন বা ততোধিক ব্যক্তির সমাবেশে বা অস্ত্র বহনে বা অস্ত্র হিসাবে ব্যবহৃত হইতে পারে এরূপ বস্তুর বহনে প্রতিষেধ করা হইয়াছে এরূপ কোন উপদ্রুত অঞ্চলে তৎসময়ে কোন বিধি বা আদেশের উল্লঙ্ঘনে রত যেকোন ব্যক্তির উপর গুলিচালনাইতে ব্য অন্যথা বলবত্তার ব্যবহার করিতে পারিবেন।

৪ ধারা অনুযায়ী
কার্যকারী ব্যক্তিগণের
সুরক্ষা।

৫। [রাজ্য] সরকারের পূর্বমঞ্জুরি ব্যতীত ৪ ধারা দ্বারা অপীত ক্ষমতাসমূহের প্রয়োগে কৃত অথবা কৃত হইবার জন্য অভিপ্রেত কোন কিছুর সম্পর্কে কোন ব্যক্তির বিরুদ্ধে কোন অভিযুক্তি, মোকদ্দমা অথবা অন্য বৈধিক কার্যবাহ রুজু করা যাইবে না।

১৯৪৭-এর বঙ্গীয়
অধ্যাদেশ ৭ অনুযায়ী
গৃহীত ব্যবস্থার বহাল
থাকা।

৬। বঙ্গীয় উপদ্রুত অঞ্চল অধ্যাদেশ, ১৯৪৭ দ্বারা প্রচারিত যেকোন প্রজ্ঞাপন অথবা তদ্বারা অপীত ক্ষমতাসমূহের প্রয়োগে কৃত কোনকিছু বা গৃহীত কোনও ব্যবস্থা, উক্ত অধ্যাদেশ আর সক্রিয় না থাকিলে, এই আইন দ্বারা অপীত ক্ষমতাসমূহের প্রয়োগে প্রচারিত, কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে যেন এই আইন ৫ই আগস্ট, ১৯৪৭ তারিখে প্রারম্ভ হইয়াছিল।

১৯৪৭-এর বঙ্গীয়
অধ্যাদেশ ৭।

^১ উদ্দেশ্য ও হেতুর বিবরণের জন্য ক্যালকাটা গেজেট এক্সট্রাঅর্ডিনারি, তারিখ ২১শে নভেম্বর, ১৯৪৭, ভাগ ৪, পৃষ্ঠা ৩৩১ দ্রষ্টব্য; পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যবাহের জন্য ২৭শে নভেম্বর, ১৯৪৭ তারিখে অনুষ্ঠিত পশ্চিমবঙ্গ বিধানসভা অধিবেশনের কার্যবাহ দ্রষ্টব্য।

^২ এই শব্দটি বিধিসমূহের অভিযোজন আদেশ, ১৯৫০-এর প্যারাগ্রাফ ৪ দ্বারা “প্রাদেশিক” শব্দটির স্থলে প্রতিস্থাপিত হইয়াছিল।